JAN 14 00

১ ৭২-৪

### ...য বিশ্ববিদ্যালয়ের সিনেট নির্বাচন

# ...া প্যানেলের ইতিবাচক ...ড়া, গোলাপি দল বিভক্ত

...াহার উদ্দিন নীপু, চ.বি. থেকে : জামাত ও বিএনপিপন্থী সাদা দলের শিক্ষকরা আগামী ৩০ জানুয়ারি অনুষ্ঠেয় সিনেট নির্বাচনে অংশগ্রহণের বিষয়ে ইতিবাচক সাড়া ব্যক্ত করলেও মুক্তিযুদ্ধের পক্ষের গোলাপী প্যানেল এ মুহূর্তে নির্বাচন চাইছে না। গতকাল শনিবার দু দলের পৃথক বৈঠকে শিক্ষকরা এ জাতীয় মতামত ব্যক্ত করেছেন।

উপাচার্য অধ্যাপক আবদুল মান্নান গত ৬ জানুয়ারি সিনেটে শিক্ষক প্রতিনিধি নির্বাচনের তারিখ ঘোষণা করেন। সাদা ও গোলাপী দু দলের শিক্ষকরা প্রায় ১৫ বছর আগে গঠিত সিনেটের নির্বাচন দাবি করলেও গোলাপী দলের বৃহত্তর অংশ এখন নির্বাচনের বিরোধিতা করছে।

গতকাল সন্ধ্যায় বিশ্ববিদ্যালয় ক্লাবে (শহর) অনুষ্ঠিত গোলাপী দলের বৈঠকে শিক্ষকরা স্পষ্টত দু ভাগে বিভক্ত হয়ে পড়েন। বৈঠক সূত্রে জানা গেছে, গোলাপী দলের অধিকাংশ শিক্ষক এ মুহূর্তে সিনেট নির্বাচন হলে তা দলের জন্য আত্মঘাতি হবে বলে মন্তব্য করেছেন। তারা প্রথমে দলের নতুন স্টিয়ারিং কমিটি গঠন এবং শিক্ষক সমিতি নির্বাচনের মাধ্যমে দলের গ্রহণযোগ্যতা যাচাইয়ের প্রস্তাব করেছেন। এ ছাড়া তারা সিন্ডিকেট এবং ডিন নির্বাচনে গোলাপী দলের পর পর চারটি পরাজয়ের কারণ যাচাই না করা কিংবা বৈঠক না ডাকার জন্য বর্তমান স্টিয়ারিং কমিটির সমালোচনা করেন। স্টিয়ারিং কমিটির আহ্বায়ক বিশিষ্ট সমাজবিজ্ঞানী ড. অনুপম সেন এ বৈঠক পরিচালনা করেন। শতাধিক শিক্ষক এ বৈঠকে অংশগ্রহণ করেন।

সংশ্লিষ্ট সূত্র জানায়, গোলাপী দলের এ বৈঠকে নির্বাচন সমর্থক শিক্ষকদের নির্বাচন বিরোধীরা 'জামাতের সমর্থক' এবং 'বিশ্বাসঘাতক' হিসেবে অভিহিত করেন। এ নিয়ে বৈঠকে দীর্ঘ বাক-বিতণ্ডা এবং শোরগোল হয়। বৈঠকে নির্বাচন সমর্থকদের সংখ্যায় কম হওয়ায় তারা অনেকটা কোণঠাসা হয়ে পড়েন বলে একজন শিক্ষক জানান।

সূত্র জানায়, বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন পর্ষদের নির্বাচনে গোলাপী দলের ক্রমাগত পরাজয়ে দলের নীতি নির্ধারকরা হতাশ। তারা আশঙ্কা করছেন, শিক্ষক প্রতিনিধি নির্বাচনে সাদা দলের সঙ্গে নির্বাচন সমর্থকরা সমঝোতা করেছেন। ফলে, পূর্বের ৩৩ জন শিক্ষক প্রতিনিধিই যেখানে গোলাপী দলের ছিল সেখানে এ নির্বাচনে সাদা দল অর্ধেকেরও বেশি পদে জিতে যাবে বলে তাদের আশঙ্কা। এ ছাড়া, তারা বর্তমান উপাচার্যের বিরুদ্ধে অভিযোগ এনে বলেছেন, দ্বিতীয় মেয়াদে উপাচার্য থাকার জন্য তিনি এ নির্বাচনের তারিখ ঘোষণা করেছেন।

এদিকে, সাদা দলের শিক্ষকরা গতকাল বিজ্ঞান গ্যালারিতে বৈঠক করেছেন। তারা নির্বাচনকে বেশ সিরিয়াসলি নিচ্ছেন বলে সাদা দলের কজন প্রভাবশালী নেতা জানান। গোলাপী দলের মধ্যে এ মুহূর্তে তীব্র গ্রুপিং চললেও সাদা দলে কোনো গ্রুপিং নেই বলে তিনি দাবি করেন। এ মুহূর্তে সাদা দল বিজয়ের ব্যাপারেও বেশ আশাবাদী বলে তিনি জানান।